সংবাদ

তারিখ 31 JAN 2017
পৃষ্ঠা ৫ কলাম ৬

# আদালত উপেক্ষা করে স্কুলের জমিতে ভবন

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রামে আদালতের নির্দেশ অমান্য করে স্কুল ও এতিম খানার জন্য রক্ষিত জায়গার ওপর দালান নির্মাণ করছে প্রভাবশালী মহল। চট্টগ্রামের লোহাগাড়া উপজেলা সদরের আমিরাবাদে এ নির্মাণ কাজ অব্যাহত রয়েছে। এদিকে

**লোহাগাড়া**

এতিমখানার জায়গার ওপর স্থাপনা নির্মাণ না করতে আদালতের নিষেধাজ্ঞা থাকার পরেও আইনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে ভবন নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছে মহলটি। গত রোববারও এ নির্মাণ কাজ অব্যাহত রয়েছে। এ ব্যাপারে গত ২৫ জানুয়ারি আবদুল মান্নান উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে আদালতের আদেশ বাস্তবায়নের দাবি জানিয়ে আবেদন করেছেন। আবদুল মান্নান জানান, উক্ত জায়গা থেকে আয়কৃত অর্থ দিয়ে একটি স্কুল ও একটি এতিম খানা পরিচালিত হয়। জায়গাটি এতিমখানার নামে সম্পূর্ণ দলিল করে দেয়ার প্রস্তুতিও চলছে। কিন্তু জনৈক জুনায়েদ গং প্রভাব বিস্তার করে সেখানে বহুতল ভবন নির্মাণ করা শুরু করে। এ বিষয়ে আদালতে মামলা করার পর গত ৮ জানুয়ারি সুপ্রিম কোর্ট এক আদেশমূলে (নং-৩৯৯৭) নিষেধাজ্ঞা জারি করেন। এর আগে আরো দুটি নিষেধাজ্ঞা জারি করা হয় সেখানে। কিন্তু রাজনৈতিক প্রভাব বিস্তার করে জুনায়েদ গংরা সেখানে দালান নির্মাণ অব্যাহত রেখেছে। এছাড়া নির্মাণ কাজে বাধা দেয়ায় ভূমির মালিককে নানাভাবে হুমকি-ধমকি দিচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। আবদুল মান্নান জানান এ বিষয়ে স্থানীয় পুলিশ প্রশাসনের কাছে সহযোগিতা চেয়েও কোন সুফল পাওয়া যায়নি। এ ব্যাপারে লোহাগাড়া থানার অফিসার ইনচার্জ মো. শাহজাহান বলেন, বিষয়টি নিয়ে আদালত সিদ্ধান্ত দেবে। তবে এ পর্যন্ত কেউ তার কাছে এ বিষয়ে অভিযোগ করেনি। তিনি জানান আইনশৃঙ্খলার অবনতি ঘটে এ ধরনের কোন কর্মকাণ্ড ঘটলে আইনগত ব্যবস্থা নেয়া হবে। এদিকে এ ব্যাপারে দালান নির্মাণকারী জুনায়েদ এর মুঠোফোনে একাধিকবার চেষ্টা করেও ফোন বন্ধ থাকায় কথা বলা সম্ভব হয়নি।